দৈনিক ইনকিলাব

তারিখ 0 1 DEC 1991
পৃষ্ঠা 6 কলাম ৫

# মুক্তিযুদ্ধের মৌলিক লক্ষ্য বাস্তবায়নে সহযোগিতা করুন

## —শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী জমিরুদ্দিন সরকার মুক্তিযুদ্ধের মৌলিক লক্ষ্যসমূহ বাস্তবায়নের লক্ষ্যে গণতান্ত্রিক প্রক্রিয়া সংহত ও উন্নয়ন প্রচেষ্টা ত্বরান্বিত করায় সরকারকে সাহায্য করার জন্যে মুক্তিযোদ্ধাদের প্রতি আহবান জানিয়েছেন। খবর বাসস'র।

গতকাল নীলক্ষেতে বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের ধানমণ্ডি থানা ইউনিট কম্যাণ্ডের ৭ম ত্রিবার্ষিক কাউন্সিল সম্মেলনে প্রধান অতিথির ভাষণ দানকালে মন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার নেতৃত্বাধীন বর্তমান গণতান্ত্রিকভাবে নির্বাচিত সরকার মুক্তিযুদ্ধের মৌলিক চেতনা ও লক্ষ্যসমূহ বাস্তবায়নে অঙ্গীকারাবদ্ধ।

ধানমণ্ডি থানা কম্যাণ্ডের আহ্বায়ক আরিফুর রহমানের সভাপতিত্বে সম্মেলনে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন মোহাম্মদ আলম খান এমপি, কেন্দ্রীয় কমাণ্ড কাউন্সিলের চেয়ারম্যান শেখ মাহফুজুর রহমান, মহাসচিব কবির আহমদ খান ও ভাইস প্রেসিডেন্ট আমিন সরওয়ার।

তিনি বলেন, মুক্তিযুদ্ধের প্রধান লক্ষ্য ছিল সকলের জন্যে শিক্ষা ব্যবস্থার সম্প্রসারণ ও বহুদলীয় গণতান্ত্রিক ব্যবস্থার অধীনে অর্থনৈতিক মুক্তি। তিনি বলেন, এ লক্ষ্যসমূহ অর্জনে বর্তমান সরকার প্রয়োজনীয় কর্মসূচী বাস্তবায়নের ব্যবস্থা নিচ্ছে।

18